

মার্কেটিং বিভাগ কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা- ৩৫০৬, বাংলাদেশ

ফোন : +৮৮০২৩০৪৪১১১২২-২৫ (এক্স.-৫৭৪)

মোবাইল : +৮৮০১৩০৪৪১১৬৯৭

ই-মেইল : deptmkt@cou.ac.bd



Department of Marketing Comilla University

Cumilla-3506, Bangladesh. www.cou.ac.bd

Phone : +8802334411122-25 (Ext.-574)

Cell : +8801304411697

E-mail : deptmkt@cou.ac.bd

তারিখ: ০২/০৮/২০২৩খ্রি.

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আব্দুল মঈন এর মূল বক্তব্যকে সংবাদপত্রে
ভুলভাবে উপস্থাপনের বিষয়ে মার্কেটিং বিভাগের বিবৃতি।

গত ৩১ জুলাই, ২০২৩ইং তারিখে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের “নবীনবরণ ও বিদায়” অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আব্দুল মঈন। উক্ত অনুষ্ঠানে তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য দিতে গিয়ে বলেন সবসময়ে যে কোন বিষয়ে সহজ ভাবে চিন্তা না করে “ক্রিটিক্যাল থিংকিং” চর্চা ও “অথেনটিক লার্নিং” এর মাধ্যমে নতুন জ্ঞান সৃষ্টি করে সমস্যার সমাধান বের করতে হবে। এই প্রসঙ্গে তিনি একটি উদাহরনের মাধ্যমে বিষয়টি বুঝানোর চেষ্টা করেন। দৃষ্টান্তস্বরূপ তিনি বিভিন্ন দেশের দুর্নীতির প্রসঙ্গে এনে বলেন সাধারণ ধারণা হল দুর্নীতি অর্থনৈতিক উন্নয়নকে বাধাগ্রস্ত করে। কিন্তু একজন শিক্ষার্থী যদি ক্রিটিক্যাল থিংকিং করে ভিন্নমত হিসেবে বলে, দুর্নীতি হলেও অর্থনৈতিক উন্নয়ন হতে পারে এবং তার মতের পক্ষে যুক্তি থাকে সেটাও গ্রহণযোগ্য হতে পারে। এই প্রসঙ্গে উপাচার্য মহোদয় বিভিন্ন দেশের উদাহরণ টানেন। এই কথার প্রেক্ষিতে উপাচার্য মহোদয় বলেন, আমি দুর্নীতির পক্ষে যুক্তি দিচ্ছি না, ক্রিটিক্যাল থিংকিং বিষয়টি বুঝার জন্য আমি উদাহরণটি টেনেছি এবং এই বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর হতে প্রতিটি স্তরে দুর্নীতি প্রতিরোধে কাজ করছি।

এমতাবস্থায়, মার্কেটিং বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয় মনে করে, উপাচার্য মহোদয়ের মূল বক্তব্যটিকে খণ্ডিত আকারে সংবাদপত্রে উপস্থাপনের কারণে জনসমাজে ভুল বার্তা গিয়েছে এবং এতে বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে বিধায় আমরা এই সংবাদ প্রকাশের নিন্দা জ্ঞাপন করছি। আমরা মনে করি, অদূর ভবিষ্যতে এই ধরনের বক্তব্য অনুধাবন, প্রয়োগ ও বিশ্লেষণ পূর্বক সংবাদপত্রে প্রকাশে সাংবাদিকবৃন্দ আরও দায়িত্বশীল ভূমিকা পালন করবে।

AM 02.08.23

(প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার)

বিভাগীয় প্রধান

মার্কেটিং বিভাগ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

AM 02.08.2023

(মাহফুজুর রহমান)

সহকারী অধ্যাপক

ও আহবায়ক

নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান-২০২৩

মার্কেটিং বিভাগ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।